

খালেদা জিয়ার বাড়ির বরাদ্দ বাতিলের প্রতিবাদে সিডনি কনসুলেট ঘেরাও

কায়সার আহমেদ: বাংলাদেশ জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ক্যান্টনমেন্টস্থ বসত বাড়ির বরাদ্দ বাতিলের সরকারের সিদ্ধান্ত বাতিল ও পিলখানাস্থ বিডিআর সদর দপ্তরে সেনাকর্মকর্তা হত্যাকান্ডের সুষ্ঠু তদন্ত রিপোর্টের মাধ্যমে দৃষ্টান্ত মূলক শাস্তি নিশ্চিত করার দাবীতে ১৯শে এপ্রিল রোববার বাংলাদেশ দুতাবাসের সিডনিস্থ কনসুলেট অফিস ঘেরাও ও বিক্ষেপ সমাবেশ অনুষ্ঠিত হয়। অস্ট্রেলিয়া বিএনপির আহ্বায়ক দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এবং অস্ট্রেলিয়া ছাত্রদলের সভাপতি মোসলেহউদ্দিন আরিফের পরিচালনায় বিক্ষেপ সমাবেশে বক্তব্য রাখেন অস্ট্রেলিয়া বিএনপির যুগ্ম আহ্বায়ক মন্ত্রুর সারোয়ার বাবু, বিএনপি অস্ট্রেলিয়া নেত্রী সাইয়েদা খানম আঙুর, যুবদল অস্ট্রেলিয়ার আহ্বায়ক হাফিজুল ইসলাম তারেক, যুবদল কেন্দ্রীয় কমিটির সদস্য আশরাফুল আলম রনি, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি কুদরতউল্ল্যাহ লিটন, জাতীয়তাবাদী ছাত্রদল কাফরুল শাখার সহ-সভাপতি সর্দার মো: খালেদ, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোবারক হোসেন, জাসাস অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি ইব্রাহিম খলিল মাসুদ, ছাত্রদল অস্ট্রেলিয়ার সি. সহ-সভাপতি এ.এস.এম. মাসুম।

সমাবেশে উপস্থিত প্রবাসী নেতৃবৃন্দের উদ্দেশ্যে টেলিফোনে বক্তব্য রাখেন বিএনপি কেন্দ্রীয় কমিটির মহা-সচিব খন্দকার দেলোয়ার হোসেন।

প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন জাসাস অস্ট্রেলিয়ার সভাপতি বেলাল হোসেন ঢালী, ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সুমন, ওমর ফারংক, সালাহউদ্দিন মানিক, মাজনুন হাবিব রনি, নিউ সাউথ ওয়েলস শাখা ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন, সাধারণ সম্পাদক মোস্তফা নিথুন, আব্দুর রহিম, আবুল বাশার মিলন, জাহাঙ্গীর হোসেন, জ্যামস গোমেজ, সজিব আহমেদ, আবুল হাশেম মৃদ্ধা জিলু, হাফিজুর রহমান, আবুল কালাম আজাদ, শহিদুল্লাহ, পিন্টু, রবিত্রি, অমিত, পারভেজ, রোজী আক্তার, মো: নাসিরুল হক, মিজানুর রহমান, নিগার চৌধুরী প্রমুখ।

সমাবেশ শেষে সিডনিস্থ বাংলাদেশ কনসুলেটে মাননীয় রাষ্ট্রদুতের প্রতিনিধি জনাব নজরুল ইসলামের নিকট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামন্ত্র রাষ্ট্রপতি বরাবরে একটি স্মারকলিপি হস্তান্তর করা হয়।

